

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫১৮

আগরতলা, ২২ জানুয়ারি, ২০২৫

সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রী  
৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা ২৯ জানুয়ারি থেকে

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আগামী ২৯ জানুয়ারি থেকে শুরু হবে ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা। ১৫ দিন ব্যাপী মেলা চলবে আগামী ১২ ফেব্রুয়ারি পর্যন্ত। ২৯ জানুয়ারি বিকাল ৫টায় শিল্প ও বাণিজ্য মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ শিল্প ও বাণিজ্য দপ্তরের কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে একথা জানান শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা জানান, এবছর শিল্প ও বাণিজ্য মেলায় ৫১৫টি স্টল থাকবে। এরমধ্যে স্থানীয় শিল্পদ্যোগীদের ৩৩৭টি স্টল এবং জাতীয়স্তরের উদ্যোগীদের ১১৪টি স্টল খোলা হবে। তাছাড়াও গতবছরের মত এবছরও উদ্ভাবনী ও অত্যাধুনিক প্রযুক্তির প্রদর্শনী, স্টার্ট আপ, ড্রোন প্রযুক্তি, বৈদ্যুতিক গাড়ি, স্বয়ংক্রিয় মেশিন ইত্যাদির মতো অত্যাধুনিক প্রযুক্তি প্রদর্শনী থাকবে। মেলাতে সরকারি দপ্তর, পিএসইউ, বেসরকারি সংস্থা, স্থানীয় উদ্যোক্তা ও ব্যবসায়ীগণ অংশগ্রহণ করবেন। আন্তর্জাতিক এবং জাতীয়স্তরের খ্যাতনামা প্রদর্শকরাও তাদের পণ্য প্রদর্শন ও বিক্রি করবেন বলে আশা করা হচ্ছে।

সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রী জানান, শিল্প ও বাণিজ্য মেলা চলাকালীন আগামী ৭ ও ৮ ফেব্রুয়ারি একটি বেসরকারি হোটেলে ডেস্টিনেশন ত্রিপুরা বিজনেস কনক্লেভ অনুষ্ঠিত হবে। এই কনক্লেভে রাজ্য ও বহিরাঙ্গের ১৫০ জনেরও বেশি সম্ভাব্য বিনিয়োগকারী অংশ নেবেন। এই কনক্লেভে পর্যটন, তথ্য প্রযুক্তি, শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার মত নির্দিষ্ট কয়েকটি বিষয়ে বিশেষভাবে আলোকপাত করা হবে। ত্রিপুরাকে উত্তর-পূর্ব ভারতের প্রধান বিনিয়োগের স্থান হিসেবে তুলে ধরার জন্যই এই কনক্লেভের আয়োজন করা হয়েছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী জানান, গতবছর ৩৪তম শিল্প ও বাণিজ্য মেলায় ৬ কোটি ২৮ লক্ষ টাকার ব্যবসা হয়েছিল। তিনি আশা প্রকাশ করেন এবছর শিল্প ও বাণিজ্য মেলায় ব্যবসার পরিমাণ আরও বাড়বে।

\*\*\*\*\*